

**উচ্চবর্নের হিন্দুদের বাঁধায় শবদেহ দাহ করতে না পারার প্রতিবাদে চুকনগর মানববন্ধন, প্রতিবাদ সভা; বর্ণবাদীদের কুশপুত্তলিকা দাহন ।।**

দলিত সম্প্রদায়ের সদস্য আনন্দ দাসের শবদাহ কেশবপুর উপজেলার ভালুকঘর মহাশ্মশানে দাহ করতে উচ্চবর্নের হিন্দুদের বাঁধার প্রতিবাদে ও তাদের বিচারের দাবিতে পূর্বঘোষিত সারাদেশে আন্দোলনের বিভিন্ন কর্মসূচী অনুসারে বাংলাদেশ দলিত পরিষদ খুলনা জেলা শাখার উদ্যোগে গতকাল মঙ্গলবার বেলা ১০:০০ টায় যশোর-সাতক্ষীরা-খুলনা মহাসড়কের কেন্দ্রস্থল চুকনগর আয়ারল্যান্ড চত্বরে র্যালী, মানববন্ধন ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়।

মানব বন্ধনে বক্তরা বলেন ভালুকঘরের ঐ সব বিবেকহীন হিন্দু মৌলবাদীরা সমাজের ও দেশের শত্রু তারা সাধারণ মানুষের ধর্মীয় অনুভূতিতে আঘাত করেছে। দেশের সংবিধানের ২৭ ও ২৮ ধারাকে লঙ্ঘন করেছে। তাদের বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহী মামলা হওয়া উচিত। এছাড়া বক্তরা শ্মশান থেকে দলিতদের বিতাড়নকারীদের মধ্যে চুকনগর কলেজ এর প্রভাষক অসীম ভট্টাচার্য বাপ্পী কে অবিলম্বে কলেজ থেকে অপসারণসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার জন্য অত্র কলেজের অধ্যক্ষ, কর্তৃপক্ষ, মাননীয় শিক্ষা মন্ত্রী, জেলা প্রশাসক ও ডুমুরিয়ার উপজেলা নির্বাহী কর্মকর্তার প্রতি জোর দাবি জানান।

ঘটনার তীব্র নিন্দা ও সুষ্ঠু বিচারের দাবিতে বক্তব্য রাখেন বাংলাদেশ দলিত পরিষদ খুলনা জেলার সভাপতি বাবু কালিপদ দাস, সাধারণ সম্পাদক শুধাংসু সরকার, বাগেরহাট জেলা দলিত পরিষদের সভাপতি কালিদাস, দলিত পরিষদের কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক অশোক দাস, সমন্বয়ক বিকাশ দাস, সভাপতি উদয় দাস, উপদেষ্টা মিলন দাস, তালা উপজেলা শাখার সভাপতি প্রবীর দাস, কেশবপুর উপজেলা শাখার সভাপতি উজ্জ্বল দাস, ঘটনার প্রত্যক্ষদর্শী নিত্যানন্দ দাস, পবন দাস, অমল দাস প্রমুখ। এ সময় অন্যান্যের মধ্যে দলিতদের আন্দোলনের প্রতি সংহতি প্রকাশ ও দলিতদের দাবির প্রতি জরুরী পদক্ষেপ নেওয়ার দাবি জানিয়ে বক্তব্য রাখেন ৫নং আটলিয়া ইউনিয়নের চেয়ারম্যান এস. এম. বদরুজ্জামান তসলিম, চুকনগর প্রেস ক্লাবের সভাপতি রুহুল আমিন, চুকনগর বণিক সমিতির সাঃ সম্পাদক আবিদ হোসেন ইমু, চুকনগর কলেজের অধ্যক্ষ এবিএম শফিকুল ইসলাম প্রমুখ। খুলনা বিভাগের বিভিন্ন জায়গা থেকে আগত কয়েক হাজার দলিত জনগোষ্ঠীর ও সচেতন নাগরিক সমাজ বর্ণবাদীদের প্রতি নিন্দা জানাতে অসীম ভট্টাচার্য, গৌর মলি-ক, ডাঃ অজিত ঘোষের প্রতিকী কুশপুত্তলিকা দাহ করে।

উলেখ্য কেশবপুর উপজেলার শ্রীরামপুর গ্রামের মৃত বিনোদ দাসের ছেলে আনন্দ দাস (৫০) ক্যান্সারে গত ১৯ অক্টোবর রাতে মারা যায়। স্বজনরা তার লাশ সৎকারের জন্য ২০ অক্টোবর সকাল ১০ টায় উপজেলার ভালুকঘর মহাশ্মশানে নিয়ে যায়। কিন্তু অভিযোগ রয়েছে, মহাশ্মশান কমিটির সভাপতি ডাঃ অজিত ঘোষ, চুকনগর কলেজের প্রভাষক অসিম ভট্টাচার্য এবং সাধারণ সম্পাদক গৌর মলিকের নেতৃত্বে একদল বর্ণবাদী শবদাহ কে বাঁধা দেয়।

---

বিকাশ দাশ, মানবাধিকার কর্মী । মোবাইল :- ০১৭২০ ৫৮৭১৪০.

ই-মেইল :- dalit\_bd@yahoo.com

---